



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ৮৭

আজ রাজশাহী সফরে আসছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ২৩ কার্তিক (৮ নভেম্বর):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি চার দিনের সরকারি সফরে আজ মঙ্গলবার (০৮ নভেম্বর) রাজশাহী আসবেন। আজ রাত দশটায় তিনি সড়কপথে রাজশাহী এসে পৌঁছবেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী পরদিন বুধবার (০৯ নভেম্বর) সকাল এগারটায় বাঘা উপজেলা প্রশাসন আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন এবং কৃষকদের মাঝে কৃষি প্রণোদনার বীজ বিতরণ করবেন। দুপুর সাড়ে বারোটায় তিনি বাঘা উপজেলা আওয়ামী লীগ অফিসে উপজেলা আওয়ামী লীগের বর্ধিত সভায় যোগদান করবেন। বিকাল চারটায় চারঘাট পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত আন্তঃওয়ার্ড মেয়র কাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

বৃহস্পতিবার (১০ নভেম্বর) সকাল সাড়ে দশটায় প্রতিমন্ত্রী চারঘাট উপজেলা প্রশাসন আয়োজিত উদ্ভাবনী মেলার উদ্বোধন এবং কৃষকদের মাঝে কৃষি প্রণোদনার বীজ বিতরণ করবেন। তিনি বেলা সাড়ে এগারোটায় বড়াল-বর্তমান অবস্থা- আমাদের করণীয়' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিকাল তিনটায় চারঘাট ইউনিয়ন আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

শুক্রবার (১১ নভেম্বর) বেলা এগারোটায় প্রতিমন্ত্রী সোনাডহ সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং সাড়ে এগারোটায় আড়ানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন করবেন। তিনি দুপুর বারোটায় হিন্দু-বৌদ্ধ-ঐক্য পরিষদ ট্রাস্ট কর্তৃক চারঘাট বাঘায় নবনির্মিত মন্দির-শশ্মানের অবকাঠামোর উদ্বোধন করবেন। বিকাল চারটায় বাঘা উচ্চ বিদ্যালয় মাঠে বাঘা স্পোর্টস একাডেমি আয়োজিত 'বঙ্গবন্ধু কাপ ফুটবল টুর্নামেন্ট' ২০২২ এর ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

ওই দিন সন্ধ্যা ছয়টায় প্রতিমন্ত্রী সড়কপথে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ছেড়ে যাবেন।##

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১৫:৩০ ঘ.